Registered
No. C. 853

# জঙ্গিপুর সংবাদ

সাপ্তাহিক সংবাদ-পত্র


## জঙ্গিপুর সংবাদের নিয়মাবলী

বিজ্ঞাপনের হার প্রতি সপ্তাহের জন্য প্রতি লাইন ৫০ নয়া পয়সা। ২৲ দুই টাকার কম মূল্যে কোন বিজ্ঞাপন প্রকাশিত হয় না। স্থায়ী বিজ্ঞাপনের দর পত্র লিখিয়া বা স্বয়ং আসিয়া করিতে হয়।

ইংরাজী বিজ্ঞাপনের চার্জ বাংলার দ্বিগুণ

সডাক বার্ষিক মূল্য ২৲ টাকা ২৫ নয়া পয়সা

নগদ মূল্য ছয় নয়া পয়সা

শ্রীবিনয়কুমার পণ্ডিত, রঘুনাথগঞ্জ মুর্শিদাবাদ



## বহরমপুর এক্সরে ক্লিনিক

জল গম্বুজের নিকট

পোঃ বহরমপুর ঃ মুর্শিদাবাদ

জেলার প্রথম বেসরকারী প্রচেষ্টা

★ বিশেষ যত্ন সহকারে রোগিদের এক্সরের সাহায্যে রোগ পরীক্ষা করিয়া ব্যবস্থা করা হয়।

★ যথা সত্বর কাজ করা আমাদের বিশেষত্ব।

★ কলিকাতার মত এক্সরে করা হয়।


★ দিবারাত্রি খোলা থাকে।

জেলাবাসীর সহানুভূতি ও সহযোগিতা প্রার্থনীয়।



৪৭শ বর্ষ | রঘুনাথগঞ্জ, মুর্শিদাবাদ—২০শে বৈশাখ বুধবার ১৩৬৮ ইংরাজী 3rd May. 1961 | ৪৮শ সংখ্যা





সকল ঘরের তরে...

দীপ্তি লণ্ঠন

ওরিয়েণ্টাল মেটাল ইণ্ডাষ্ট্রিজ লিঃ ৭৭, বহুবাজার ষ্ট্রীট, কলিকাতা ১২

C. P. Sebve

## রান্নায় আনন্দ

এই কেরোসিন কুকারটির অভিনবত্ব রন্ধনের ভীতি দূর করে রন্ধন-প্রীতি এনে দিয়েছে।

রান্নার সময়েও আপনি বিশ্রামের সুযোগ পাবেন। কয়লা ভেঙে উনুন ধরাবার পরিশ্রম নেই, অস্বাস্থ্যকর ধোঁয়া না থাকায় ঘরে ঘরে ঝুলও জমবে না।

জটিলতাহীন এই কুকারটির সহজ ব্যবহার প্রণালী আপনাকে তৃপ্তি দেবে।

- ধুলা, ধোঁয়া বা ঝঞ্ঝাটহীন।
- স্বল্পমূল্য ও সম্পূর্ণ নিরাপদ।
- যে কোনো অংশ সহজলভ্য।



PATENT NO. 62354. OF. 57

## খাস জনতা

কেরোসিন কুকার

রন্ধনে স্বাচ্ছন্দ্য ও বিশুদ্ধতা আনবে।

প্রস্তুতকারক
দি ওরিয়েণ্টাল মেটাল ইণ্ডাষ্ট্রীজ প্রাইভেট লিঃ
৭৭, বহুবাজার ষ্ট্রীট, কলিকাতা-১২

KALPANA O. M. I.

## রজশশী আয়ুর্ব্বেদ ভবন

রঘুনাথগঞ্জ — মুর্শিদাবাদ

কবিরাজ শ্রীরোহিণীকুমার রায়, বি-এ, কবিরত্ন, বৈদ্যশেখর।

আয়ুর্ব্বেদীয় ঔষধ ও তৈলাদির নির্ভরযোগ্য প্রতিষ্ঠান

হাতে কাটা

## বিশুদ্ধ পৈতা

পণ্ডিত-প্রেসে পাইবেন।

সর্ব্বেভ্যো দেবেভ্যো নমঃ।

জঙ্গিপুর সংবাদ

২০শে বৈশাখ বুধবার সন ১৩৬৮ সাল।

## ১৯৪৭ অব্দের ১৫ই আগষ্ট হতে ১৯৬১ এপ্রিল পর্য্যন্ত তের বৎসর ৮ মাসের স্বাধীনতা ( স্বাদহীনতা )

—•—

স্বাধীনতা লাভ করিবার বহু পূর্ব্ব হইতে আমরা যাদের ভারতের সুসন্তান এবং ভারতবাসীদের ভাগ্যবিধাতাদের মুখ্য পাত্রের পাঁইতাড়ার বক্তৃতাতে পুনঃ পুনঃ বলিতে শুনিয়াছি—আমরা যেদিন ক্ষমতা পাইব দুর্নীতিপরায়ণ কালোবাজারীদের আর খাদ্যে যারা ভেজাল মিশায় তাদের ধ'রে ধ'রে নিকটস্থ "লাইট পোষ্টে" ফাঁসি দিব।

স্বাধীনতা আসিল, ক্ষমতা মিলিল। এখন সমানে ভাষণ ছাড়া আর কোন যোগ্যতা ভারতবাসীর দুর্ভাগ্য প্রশমনার্থে দেখা গেল না। তবে "ভাষণ অন্য বানানে অর্থাৎ ষ মুর্দ্ধণ্য ষ, স আকারসহ 'সা' হইয়া দেশ ভাসাইয়া ভাল চোক কাণা করার মত দেশের খাদ্য, বাস-ভবন অর্থাৎ খাওয়া ও থাকার ঘর নষ্ট করিয়া লোককে পথের ভিকারী করিয়া ছাড়িল। দুর্নীতিপরায়ণ চোরে দেশ ভরিয়া গিয়াছে। আবার এই সব চোরের মুরুব্বি এত জুটিয়া গিয়াছে, যে অপরাধ ধরা পড়িতে পারে তার তদন্তই হইতে পায় না।

কেন্দ্রীয় প্রাক্তন অর্থ মন্ত্রীর অপরাধ তদন্তে নিযুক্ত চাগলা কমিটি তদন্তকালে মন্ত্রী মহাশয় পদে অপদস্থ হয় হয় সময় পদে ইস্তফা দিয়া স্বস্থানে প্রস্থান করার সময় লাইট পোষ্টে ফাঁসির ব্যবস্থা যাঁর ভাষণে শোনা গিয়াছিল তিনিই পদত্যাগীকে সাদরে চর্ব্ব্য-চোষ্য-লেহ্য-পেয় ভোজন করাইয়া সাদরে আলিঙ্গন করিয়া সরকারী বিমানে শ্রীমান্‌কে আরোহণ করাইয়া স্বগৃহে যাইবার ব্যবস্থা করিয়া দিলেন। পদত্যাগী লাঞ্ছিত বাঞ্ছিত ফল প্রাপ্ত হইলেন। তাঁহার তিরস্কৃত হইবার পরিবর্ত্তে পুরস্কার লাভ ঘটিল।

কিছুদিন আগে প্রাক্তন কেন্দ্রীয় মন্ত্রী এবং তদনন্তর বিশ্ববিদ্যালয় অর্থমঞ্জুরী কমিশনের চেয়ারম্যান শ্রীচিন্তামন দেশমুখ এক বক্তৃতাকালে বলেন যে, দুর্নীতি দূর করার উদ্দেশ্যে যদি কোন উচ্চ ক্ষমতাসম্পন্ন ট্রাইব্যুনাল গঠিত হয়, তবে তিনি বৃহৎ দুর্নীতির বেশ কিছু ঘটনা ট্রাইব্যুনাল সমক্ষে পেশ করিতে রাজী আছেন এবং স্বয়ং এ ব্যাপারে সাক্ষ্য দিতেও প্রস্তুত আছেন। শ্রীযুক্ত দেশমুখের এই বক্তৃতায় স্বভাবতঃই চাঞ্চল্যের সৃষ্টি হয় এবং জাতীয় ট্রাইব্যুনাল গঠনের প্রশ্নও বিশেষ গুরুত্ব অর্জ্জন করে। কিন্তু শ্রীযুক্ত দেশমুখের এই প্রস্তাব ক্ষমতাসীন দলের নিকট আদৌ মুখরোচক হয় নাই। সাংবাদিক সম্মেলনে প্রধান মন্ত্রী নেহরু বলিয়াছেন, "কেন্দ্রীয় সরকার এবং কংগ্রেস ওয়ার্কিং কমিটী উভয়েই উচ্চক্ষমতাসম্পন্ন ট্রাইবুনাল গঠনের বিরোধী। কারণ কি? কারণ "এইরূপ কোন ট্রাইব্যুনাল গঠিত হইলে কোন গভর্ণমেণ্টের পক্ষেই কাজ চালানো অসম্ভব হইয়া পড়িবে। যদি এই ধরণের ট্রাইব্যুনাল গঠিত হয়, তবে অভিযোগ ও পাল্টা অভিযোগ উঠিবে এবং ক্ষমতাসীন কোন ব্যক্তিই, অফিসারই হোন বা মন্ত্রীই হোন, এই অভিযোগ হইতে বাদ পড়িবেন কিনা আমার সন্দেহ আছে।" যখন সন্দেহ আছে, তখন কে কে এই ভাগ্যবান প্রধান মন্ত্রী মহাশয়ের কি তা ধরিয়া দুর্নীতিপরায়ণদের তফাৎ করিয়া কি **সত্যমেব জয়তে** বাক্যের সার্থকতা প্রমাণ করার ইচ্ছা হয় না?

—

## ক্যালকাটা চ্যারিটেবল সোসাইটিতে অনুদান

রাজ্যসরকার চলতি আর্থিক বৎসর কলিকাতার ৭৯নং আপার চিৎপুর রোডস্থিত কলিকাতা চ্যারিটেবল সোসাইটিকে বৃদ্ধ, অশক্ত, অন্ধ, মূক ও বধির, খঞ্জ, অনাথ এবং বিধবাদের সেবার জন্য ২,০০০ টাকার একটি এককালীন অনুদান প্রদান করেছেন।

—

## হরেন্দ্রকুমার মুখোপাধ্যায় স্মৃতি আরোগ্যোত্তর কলোনি পঞ্চম যক্ষ্মা লটারী

পশ্চিম বঙ্গের রাজ্যপালের অনুমতিক্রমে পরিচালিত পরবর্ত্তী যক্ষ্মা লটারী আগামী ১৩ই আগষ্ট (১৯৬১) অনুষ্ঠিত হইবে। টিকিট বিক্রয়ের শেষ দিন ১৩ই জুলাই (১৯৬১) স্থির হইয়াছে। গত চারিটি লটারীতে দেড় লক্ষ টাকার অধিক পারিতোষিক হিসাবে দেওয়া হইয়াছে কলিকাতায় রাজভবনে যক্ষ্মা লটারী অফিস হইতে টিকিট বিক্রয়ের আবেদনপত্র বিতরণ করা হইতেছে। মেদিনীপুর জেলার ডিগ্রিতে আরোগ্যলাভকারী যক্ষ্মা রোগীদের জন্য অনাড়ম্বরভাবে যে হরেন্দ্রকুমার মুখোপাধ্যায় স্মৃতি আরোগ্যোত্তর কলোনী স্থাপন করা হইয়াছে তাহার তহবিল সংগ্রহের উদ্দেশ্যেই এই লটারী। আশা করা যাইতেছে যে পশ্চিমবঙ্গের জনসাধারণ এই লটারীর সাফল্যের জন্য উদারভাবে সাহায্য ও সহযোগিতা করিবেন।

—বেসরকারী নোট

—

## রেলকর্মী সাহায্যার্থ নূতন তহবিল গঠন

প্রাকৃতিক বিপদাপদ, দীর্ঘ স্থায়ী অসুস্থতা এবং আকস্মিক মৃত্যুর ফলে কোন রেলকর্মী ও তাহার পরিবারের লোকেরা বিপদে পড়িলে তাঁহাদের সাহায্য দানের জন্য রেলমন্ত্রীর কল্যাণ ও সাহায্য তহবিল নামে একটি নূতন তহবিল খোলা হইয়াছে।

—

## ৭৬ হাজার ডাকঘর

১৯৬০-৬১ সালে ভারতীয় ডাক ও তার বিভাগের যথেষ্ট উন্নতি হইয়াছে। দ্বিতীয় পরিকল্পনাকালের শেষে দেশে ডাকঘরের সংখ্যা বাড়িয়া ৭৬ হাজার হইয়াছে। ঐ সময়ে মোট ১৪০টি নূতন টেলিগ্রাফ অফিস খোলা হইয়াছে। দেশের ৩০০টি টেলিগ্রাম অফিস হইতে ভারতীয় ভাষায় ও দেবনাগরী হরফে লিখিত তারবার্ত্তা গ্রহণ করা হয়। নূতন টেলিফোনের সংখ্যা হয় ৩৬ হাজারেরও অধিক।

—প্রেঃ ইঃ ব্যুঃ

—

## 'কলি'

আপনারে বড় ভাবি
বাণী ( ! / ? ) দেয় যারা,
অহংকারে মত্ত হ'য়ে
ধরা দেখে সরা।
নাহি জানে ধর্ম্মাধর্ম্ম
জাতি পাতি যারা,
মূর্ত্তিমান কলি নামে
হয় যোগ্য তারা।
আপনি বিপথে চলি
চালায় অপরে,
সত্য-সরলতা তারা
সহিতে না পারে।
জনগণ হিত তারা
কভু নাহি করে,
সাধারণ হিত হেরি
বুক ফেটে মরে।
কু-শিক্ষা ও কু-আদর্শ,
কু-অনুকরণে,
হিতাহিত জ্ঞানশূন্য
করে জনগণে।
সু-কথায় কভু তারা
নাহি দেয় কান,
বলে সত্য-ধর্ম্ম নাহি,
নাহি ভগবান।
অন্য ছয় কলির বর্ণির রূপ এখন,
শুনে সবে সাবধানে হ'য়ে একমন।
"মাতাকে যে কষ্ট দেয়, কলত্রের বশ,
জনকের প্রতি যার নাহি ভক্তি রস,
আপনা হইতে আমি হয়েছি বিদ্বান্,
এ তিন ভুবনে দেখে তৃণের সমান।
উত্তমর্ণে কোপে যারা ধারি নাক বলি
এই ছয়জন হয় মূর্ত্তিমান কলি।"

( বীরভূম-বাণী হইতে উদ্ধৃত )

---

## ভারতের জন সংখ্যা

ভারতীয় আদমসুমারীর প্রাথমিক হিসাব হইতে দেখা যায় ভারতের লোক সংখ্যা বর্ত্তমানে তেতাল্লিশ কোটি আশী লক্ষ হইয়াছে। গত দশ বৎসরে শতকরা প্রায় ২১॥০ জন বৃদ্ধি পাইয়াছে। আসামের জন সংখ্যা বৃদ্ধির হার সর্ব্বোচ্চ—প্রায় শতকরা ৩৪ জন। পশ্চিম বঙ্গের জন সংখ্যাও কম নয়। ১৯৫১ সাল হইতে ১৯৬১ সালের মধ্যে এই রাজ্যের লোক সংখ্যা শতকরা ৩৩ জন বৃদ্ধি হইয়াছে।

লোক সংখ্যা বৃদ্ধিতে ভয়ের কিছু নাই, যদি সরকারী ও বেসরকারী শিল্প সংগঠন ও কৃষির সমৃদ্ধিও এই সঙ্গে আগাইয়া চলে। আমাদের দেশের ঐ সব ক্ষেত্রে সত্যকার কোন সাফল্য আমরা দেখিতে পাই না। অপরদিকে পরিবার নিয়ন্ত্রণের প্রচেষ্টাও এ যাবৎ মোটেই সন্তোষজনক হয় নাই। কাজেই ভারতের জন সংখ্যার স্ফীতি দেশের দারিদ্র্য ও সামাজিক বিশৃঙ্খলা বৃদ্ধি করিবে।

---

## বৃষ্টি

এতদঞ্চলে চৈত্র মাসে একেবারে বৃষ্টি হয় নাই। বৈশাখ মাসের অর্দ্ধেক অতিবাহিত হওয়ার পর গত সোমবার বৈকালে ঝড়বৃষ্টি হইয়াছে। ঝড়ে কিছু ক্ষতি হইলেও বৃষ্টিতে আম ও লিচু ফলের উপকার হইবে। পাট ও ভাদুই ধান বুনিবার জন্য কৃষকগণ জমি কর্ষণ আরম্ভ করিয়াছে। মাঝে মাঝে বৃষ্টি হইলে বীজ বপন করা চলিবে।

---

## বদলী

জঙ্গিপুরের সুযোগ্য মহকুমা শাসক শ্রীগৌরীশঙ্কর বন্দ্যোপাধ্যায় মহোদয় অতিরিক্ত জেলা শাসক পদে উন্নীত হইয়া মেদিনীপুরে বদলী হইয়াছেন। তিনি মহকুমার নানাবিধ জনহিতকর প্রতিষ্ঠানের সহিত সংশ্লিষ্ট ছিলেন। স্থানীয় মহকুমা অফিসের কর্ম্মচারিগণ এক সভায় তাঁহাকে বিদায় অভিনন্দন জ্ঞাপন করেন।

---

## শিলিগুড়ি ট্রেণ দুর্ঘটনা

বিগত ১৯শে এপ্রিল বুধবার রাত্রে শিলিগুড়ির সন্নিকটে সেবক ও গুলমার মধ্যে ট্রেণ দুর্ঘটনায় বহু যাত্রী হতাহত হইয়াছে। এই ঘটনা ঘটিবার অল্পক্ষণ মধ্যে প্রবল ঝড়বৃষ্টি আরম্ভ হওয়ায় যাত্রিগণের দুর্গতি চরম সীমায় উপনীত হয়। গুরুতর আহত প্রত্যেক যাত্রীকে ২০০৲ টাকা ও সামান্য আহত প্রত্যেককে ১০০৲ টাকা করিয়া খয়রাতি দান করা হইয়াছে বলিয়া প্রকাশ।

---

## দ্রব্যমূল্য বৃদ্ধিতে মধ্যবিত্ত

নিত্য প্রয়োজনীয় সরিষার তৈল, নারিকেল তৈল, কেরোসিন, চিনি, সোডা, সাবান ও অন্যান্য মসলাপত্রের দর দিন দিন বৃদ্ধি পাওয়ায় মধ্যবিত্ত ও নিম্নমধ্যবিত্ত গৃহস্থগণের সংসারযাত্রা নির্ব্বাহ করা দুরূহ ব্যাপারে পরিণত হইয়াছে। পরিধেয় বস্ত্রাদির মূল্যও ক্রমশঃ বৃদ্ধি পাইয়াছে। দধি-দুগ্ধ ঘৃত প্রভৃতির দর্শন মেলা ভার। দৈনন্দিন আহারের ব্যবস্থা করিতে সাধারণ লোকে হিমশিম খাইয়া ত্রাহি ত্রাহি ডাক ছাড়িতেছে।

'বল মা তারা দাঁড়াই কোথা।'

---

## ট্যাক্সির অভাব

রঘুনাথগঞ্জ হইতে মোড়গ্রাম রেলষ্টেশন পর্য্যন্ত ৫ খানি ট্যাক্সি নিয়মিত চলাচল করিত। বর্ত্তমানে মাত্র ২ খানি ট্যাক্সি অনিয়মিতভাবে যাতায়াত করিতেছে। ইহাতে যাত্রীগণের বিশেষ অসুবিধার সৃষ্টি করিয়াছে।

---

## বিজ্ঞপ্তি

এই জেলার বহরমপুর থানার অন্তর্গত খাগড়ার গাঁজা ও ভাঙ্গ, গোরাবাজার গাঁজা ও আফিম। খরগ্রাম থানার অন্তর্গত খরগ্রাম দেশীমদ—দোকান বন্দোবস্ত করার জন্য ৳০ ( বার আনা ) মূল্যের কোর্টফি সম্বলিত দরখাস্ত আহ্বান করা যাইতেছে। দরখাস্তে দরখাস্তকারীর পূর্ণ নাম, পিতার নাম, বর্ত্তমান এবং স্থায়ী বাসস্থান, বয়স, শিক্ষাগত যোগ্যতা, আর্থিক সঙ্গতি ইত্যাদি উল্লেখ করিতে হইবে।

ইংরাজী ২০।৫।৬১ তারিখ পর্য্যন্ত দরখাস্ত বহরমপুর জেলা আবগারী অফিসে গ্রহণ করা হইবে।

স্বাঃ এস, কে, ব্যানার্জ্জী
কালেক্টর পক্ষে অন্তঃ-শুল্কাধ্যক্ষ, মুর্শিদাবাদ।

---



বিশ্বস্ততার প্রতীক

গত আশী বছর ধরে জবাকুসুম কেশ তৈল প্রস্তুতকারক হিসাবে সি, কে, সেনের নাম সবাই জানেন তাই খাঁটী আমলা তেল কিনতে হলে সি, কে, সেনের আমলা তেল কিনতে ভুলবেন না। সি, কে, সেনের আমলা তেল কেশবর্দ্ধক ও স্নায়ু স্নিগ্ধকর।



সি, কে, সেনের
# আমলা কেশ তৈল

সি, কে, সেন এণ্ড কোং প্রাইভেট লিঃ
জবাকুসুম হাউস, কলিকাতা-১২

## ঢাকা আয়ুর্ব্বেদীয় ফার্ম্মেসী
ও
## সাধনা ঔষধালয়ের প্রস্তুত

যাবতীয় কবিরাজী ঔষধ কোম্পানীর নির্দ্ধারিত মূল্যে আমাদের এখানে পাবেন।

এজেণ্ট—শ্রীননীগোপাল সেন, কবিরাজ
আয়ুর্ব্বেদীয় ফার্ম্মেসী।
রঘুনাথগঞ্জ (সদরঘাট)

## দি আর্ট ইউনিয়ন প্রিণ্টিং ওয়ার্কস

৫৫।৭, গ্রে ষ্ট্রীট, পোঃ বিডন ষ্ট্রীট কলিকাতা—৬

টেলিগ্রাম : "আর্ট ইউনিয়ন" টেলিফোন : বড়বাজার ৪১৭

প্রাথমিক, মধ্য ও উচ্চ বিদ্যালয়ের
যাবতীয় ফরম, রেজিষ্টার, গ্লোব, ম্যাপ, ব্লাকবোর্ড এবং
বিজ্ঞান সংক্রান্ত যন্ত্রপাতি ইত্যাদি
ও
ইউনিয়ন বোর্ড, বেঞ্চ, কোর্ট, দাতব্য চিকিৎসালয়,
কো-অপারেটিভ ক্রুরাল সোসাইটী, ব্যাঙ্কের
যাবতীয় ফরম ও রেজিষ্টার ...
সর্ব্বদা সুলভ মূল্যে ...

রবার ষ্ট্যাম্প অর্ডারমত যথাসময়ে ...

আমেরিকায় আবিষ্কৃত
## ইলেকট্রিক সলিউসন
— দ্বারা —
## মরা মানুষ বাঁচাইবার উপায়ঃ—



আবিষ্কৃত হয় নাই সত্য কিন্তু যাঁহারা জটিল রোগে ভুগিয়া জ্যান্তে মরা হইয়া রহিয়াছেন, স্নায়বিক দৌর্ব্বল্য, যৌবনশক্তিহীনতা, স্বপ্নবিকার, প্রদর, অজীর্ণ, অম্ল, বহুমূত্র ও অন্যান্য প্রস্রাবদোষ, বাত, হিষ্টিরিয়া, সূতিকা, ধাতুপুষ্টি প্রভৃতিতে অব্যর্থ পরীক্ষা করুন! আমেরিকার সুবিখ্যাত ডাক্তার পটাল সাহেবের আবিষ্কৃত তড়িৎশক্তিবলে প্রস্তুত ইলেকট্রিক সলিউসন' ঔষধের আশ্চর্য্য ফল দেখিয়া মন্ত্রমুগ্ধ হইবেন। প্রতি বৎসর অসংখ্য মুমূর্ষু রোগী নবজীবন লাভ করিতেছে। প্রতি শিশি ২৲ দুই টাকা ও মাশুলাদি ১'১৯ এক টাকা উনিশ নয়া পয়সা।

সোল এজেণ্ট :—ডাঃ ডি, ডি, হাজরা
ফতেপুর, পোঃ—গার্ডেনরিচ, কলিকাতা—২৪

## শ্রীঅরুণ

কমার্শিয়াল আর্টিষ্ট ও ফটোগ্রাফার
ছায়াবাণী সিনেমার সম্মুখে
পোঃ রঘুনাথগঞ্জ — মুর্শিদাবাদ

ফটো তোলা, ফটো ওয়াশ, প্রিণ্ট ও এনলার্জ করা, সিনেমা শ্লাইড তৈরী প্রভৃতি যাবতীয় কাজ এবং নানাপ্রকার ছবি ও সূচীকার্য্য সুন্দররূপে বাঁধান হয়।


রঘুনাথগঞ্জ পণ্ডিত-প্রেসে—শ্রীবিনয়কুমার পণ্ডিত কর্ত্তৃক সম্পাদিত, মুদ্রিত ও প্রকাশিত।